

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 01.12.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) গ্রামীণ সড়ক যোজনা প্রকল্পে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য আরও এক হাজার ৪০০ কোটি টাকা বরাদ্দ করেছে।
- ২) রাজ্যের ৬ বিধানসভা আসনে উপনির্বাচনে বিজয়ী প্রার্থীরা আগামীকাল শপথ নেবেন।
- ৩) মশাবাহিত নানা রোগের প্রকোপ বাড়ায় উদ্বিগ্ন রাজ্য স্বাস্থ্য দপ্তর। নেওয়া হচ্ছে একাধিক পদক্ষেপ।
- ৪) রাজ্যের বিভিন্ন জেলায় আজও বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস।
- ৫) আইএসএল ফুটবলে যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়ান্ট গতকাল ১-০ গোলে চেন্নাইন এফসিকে হারিয়ে দিয়েছে।

গ্রামীণ সড়ক যোজনা প্রকল্পে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য আরো ১ হাজার ৪০০ কোটি টাকা বরাদ্দ করেছে। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে রাজ্যের গ্রামাঞ্চলে নতুন ৫ হাজার কিলোমিটার রাস্তা তৈরির জন্য গ্রামীণ সড়ক যোজনার বরাদ্দ চেয়ে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানানো হয়েছিল। তার মধ্যে প্রায় ৩ হাজার কিলোমিটার রাস্তার প্রস্তাব মঞ্জুর হয়েছে। এর আগে ২০২২ সালের নভেম্বর মাসে

শেষবার ওই প্রকল্পের রাজ্যকে ৩৪৩ কোটি টাকা বরাদ্দ করেছিল কেন্দ্র। দু'বছর পর এই খাতে রাজ্য ফের কেন্দ্রীয় বরাদ্দ পেল। উল্লেখ্য গ্রামীণ সড়ক যোজনা প্রকল্পে ৬০ শতাংশ টাকা দেয় কেন্দ্র। বাকি ৪০ শতাংশের ব্যয়ভার রাজ্যকে বহন করতে হয়।

রাজ্যের সাম্প্রতিক ছয় বিধানসভা উপনির্বাচনে বিজয়ী প্রার্থীদের শপথ গ্রহণ আগামীকাল অনুষ্ঠিত হবে। রাজ্যপাল সিভি আনন্দ বোস নিজে বিধানসভায় উপস্থিত থেকে ওই প্রার্থীদের শপথবাক্য পাঠ করাবেন। রাজ্যপালের সচিবালয়ের তরফে বিধানসভার অধ্যক্ষকে চিঠি দিয়ে একথা জানানো হয়েছে।

উল্লেখ্য এর আগে উপনির্বাচনে জয়ী প্রার্থী সাযন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং ভগবানগোলায় রেয়াত হোসেনের শপথ গ্রহণ নিয়ে রাজভবন ও বিধানসভার মধ্যে টানাপোড়েন তৈরি হয়েছিল।

আর জি কর কাভের আবহে স্বাস্থ্য ক্ষেত্রের দিকে নজর দিয়ে নিজের লোকসভা কেন্দ্র ডায়মন্ডহারবারে সেবাশ্রয় নামে একটি কর্মসূচীর ঘোষণা করেছেন সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। এর আওতায় ২৩ লক্ষ মানুষকে স্বাস্থ্য শিবিরের মাধ্যমে চিকিৎসা পরিষেবা পৌঁছে দেওয়া এর লক্ষ্য। গতকাল ডায়মন্ডহারবারের আমতলায় ডক্টর কনভেনশনে অভিষেক একথা বলেন।

বাইট

অপরাজিতা বিলকে আইনে পরিণত করতে প্রয়োজনে সংসদে বেসরকারি সদস্য বিল আনা হবে বলেও এদিন অভিষেক জানান। পুলিশ কমিশনার, স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা

বদল হলেই ধর্ষণ বন্ধ হয়ে যাবে কিনা সেই প্রশ্ন তোলেন তিনি। ধর্ষণের ঘটনায় ফের সর্বোচ্চ শাস্তির দাবি জানান তিনি।

নারী ও শিশু নির্যাতন রোধে রাজ্য বিধানসভায় পাশ হওয়া অপরাজিতা বিলকে দ্রুত আইনে পরিণত করার দাবি তুলে, আন্দোলনে নেমেছে তৃণমূল কংগ্রেস। আজ ব্লকে ব্লকে ধর্না কর্মসূচির ডাক দেওয়া হয়েছে। গতকাল তৃণমূল মহিলা কংগ্রেস রাজ্য জুড়ে মিছিল করে। কলকাতার যাদবপুর থেকে রবীন্দ্র সদন পর্যন্ত মিছিলে নেতৃত্ব দেন সংগঠনের রাজ্য সভানেত্রী তথা অর্থমন্ত্রী চন্দ্ৰিমা ভট্টাচার্য্য।

এদিকে ওয়াকফ বিলের বিরোধিতায় কলকাতার ধর্মতলায়, তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু সেলের ডাকে গতকাল এক সমাবেশের আয়োজন করা হয়। সংসদের ওয়াকফ সংক্রান্ত যৌথ কমিটির সদস্য কল্যাণ বন্দ্যোপাধ্যায়, পুরমন্ত্রী তথা মেয়র ফিরহাদ হাকিম, পরিবহনমন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী, সংখ্যালঘু সেলের চেয়ারম্যান মোশারফ হুসেইন এই সমাবেশে বক্তব্য রাখেন।

বাংলাদেশে বর্তমান পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে রাষ্ট্রসংঘের হস্তক্ষেপ চেয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি। সে দেশে ধর্মীয় সংখ্যালঘুদের উপর নির্যাতনের প্রতিবাদে গতকাল কলকাতায় এক মিছিলে অংশ নিয়ে বিরোধী দলনেতা বলেন, অবিলম্বে পদক্ষেপ না করা হলে সংখ্যালঘুদের অস্তিত্ব বিপন্ন হতে পারে।

এদিকে বাংলাদেশের ঘটনাক্রম নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিমও। গতকাল পুরভবনে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, সেদেশের শুধু সংখ্যালঘুদের হত্যা করা হচ্ছে তাই নয়, আক্রমণ হচ্ছে সংখ্যাগরিষ্ঠদের ওপরেও। তিনি ভারতের জাতীয় পতাকার অবমাননার তীব্র প্রতিবাদ করেন।

বাইট

বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের ওপর অত্যাচারের প্রতিবাদে রাজ্যের বিভিন্ন জেলায় প্রতিবাদ মিছিল চলেছে। কোচবিহার শহরে কেন্দ্রীয় বাস্তুহারা পরিষদ গতকাল প্রতিবাদ মিছিল বের করে। শহরে পাওয়ার হাউস চৌপাশি সংলগ্ন এলাকা থেকে মিছিল বের হয়ে শহর পরিক্রমা করে।

নদীয়ার শান্তিপু্রে প্রতিবাদ মিছিলে পা মেলান রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার। সংখ্যালঘুদের উপর অত্যাচার বন্ধ ও চিন্ময় কৃষ্ণের মুক্তির দাবিতে বাঁকুড়ার মাচানতলায় বিক্ষোভ দেখান বহু মানুষ। পোড়ানো হয় কুশপুত্তলিকা।

এদিকে বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায় ও ইসকনের ভক্তদের নিরাপত্তার জন্য প্রার্থনা করবে ইসকন। ইসকন কলকাতার তরফ থেকে এক বিবৃতিতে একথা জানিয়ে বলা হয়েছে বিশ্বজুড়ে বিভিন্ন শহরে আজ লক্ষ লক্ষ ইসকন ভক্ত বিশেষ প্রার্থনায় যোগ দেবেন।

বাংলাদেশের বর্তমান অস্থিরতার প্রেক্ষিতে কলকাতা পুলিশ বাংলাদেশ ডেপুটি হাইকমিশনের নিরাপত্তা বৃদ্ধি করেছে। সেখানকার চারটি বুথে ১২

জনের পরিবর্তে তিরিশ জন কনস্টেবল ও আধিকারিক মিলিয়ে মোট ৪৫ জনকে নিয়োগ করা হয়েছে বলে লালবাজার সূত্রে খবর। পাশাপাশি ডেপুটি হাই কমিশনের সামনে মোবাইল ভ্যানের সংখ্যা বাড়ানো হয়েছে। নজরদারির জন্য ১৮ থেকে বাড়িয়ে ২২ টি করা হয়েছে সিসিটিভির সংখ্যা। সবসময় সতর্ক থাকতে বলা হয়েছে গোয়েন্দা বিভাগকেও।

নদীয়ার কৃষ্ণগঞ্জ থানা এলাকায় অবৈধভাবে সীমান্ত পেরিয়ে এদেশে ঢুকে পড়া চার বাংলাদেশীকে পুলিশ পাকড়াও করেছে। ধৃত সুমি আখতার, ইমন বিশ্বাস, শঙ্কর বিশ্বাস ও রূপকুমার বিশ্বাস সম্প্রতি এলাকার একজনের বাড়িতে আশ্রয় নিয়েছিলেন। তাদের কাছে ভারতে বসবাসের কোনো বৈধ নথি ছিল না। নির্দিষ্ট সূত্রে খবর পেয়ে শুক্রবার রাতে অভিযান চালিয়ে রানাঘাট থানার পুলিশ চারজনকে গ্রেপ্তার করে। গতকাল আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে।

নূতন শ্রম কোড শ্রমিকদের অস্তিত্ব, অধিকার বিপন্ন করবে বলে নাগরিক মঞ্চ আশঙ্কা প্রকাশ করেছে। গতকাল কলকাতায় নাগরিক মঞ্চের উদ্যোগে আয়োজিত এক আলোচনা সভায় সম্পাদক নব দত্ত বলেন নতুন এই শ্রম কোড যাতে কার্যকর না হতে পারে সেজন্য বিজেপি বিরোধী দল গুলির কাছে সংগঠনের তরফে আবেদন জানানো হবে। আগামী দিনে শ্রম কোডের বিরুদ্ধে নাগরিক মঞ্চের তরফ থেকে প্রতিবাদ কর্মসূচি নেওয়া হবে বলেও নব দত্ত জানিয়েছেন।

শীতের মরশুম শুরু হয়ে গেলেও রাজ্যে ডেঙ্গি, ম্যালেরিয়া, চিকুনগুনিয়ার মতো মশাবাহিত রোগের প্রকোপ উদ্বেগ বাড়িয়েছে। গত এক সপ্তাহে নতুন করে প্রায় ১ হাজার মানুষ ডেঙ্গিতে আক্রান্ত হয়েছেন। গত দু'দিনে কলকাতা বেলঘাটা আইডি হাসপাতালে এক স্বাস্থ্য কর্মী-সহ তিনজন ডেঙ্গি আক্রান্তের মৃত্যু হয়েছে। একটি প্রতিবেদন-

ভয়েসকাস্ট

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পোশাক নিয়ে রাজ্যে ব্যাপক দুর্নীতি চলছে বলে উস্থি ইউনাইটেড প্রাইমারি টিচার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে অ্যাসোসিয়েশন এর রাজ্য সম্পাদক ভাস্কর ঘোষ বলেন, বিদ্যালয়ের পোশাক দুর্নীতিতে প্রায় ৫০০ কোটি টাকা কাট মানি বেরিয়ে যাচ্ছে। এর প্রতিবাদে সংগঠন আন্দোলনে নামবে বলেও জানিয়েছেন তিনি।

বাইট

ভাস্কর বাবু মিড ডে মিলের বরাদ্দ অর্থের অপ্রতুলতা, রাঁধুনিদের দুমাসের বেতন না দেওয়া, প্রাথমিক বিদ্যালয় গুলিতে কম্পোজিট গ্রান্ট এর অর্থ না দেওয়ারও অভিযোগ তোলেন।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জের কালিয়াগঞ্জে স্কুল চত্বরে বিষাক্ত ফল খেয়ে ৬০ জন পড়ুয়া অসুস্থ হয়ে পড়েছে। ২১ জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের রায়গঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে সিসিইউ বিভাগে ভর্তি করা হয়েছে। জানা গেছে, এই

শিশুরা সকলেই কালিয়াগঞ্জের বিমলপাড়া চাউনি প্রাথমিক বিদ্যালয়ে পড়ুয়া। গতকাল বাড়ি ফেরার সময় স্কুল চত্বরে একটি গাছের ফল খায় তারা। এরপরই অসুস্থ হয়ে পড়ায় শিশুগুলিকে বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়। এই সংখ্যা আরো বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

বহরমপুর কোর্ট স্টেশনের পাশে সাবওয়ে নির্মাণের জন্য আজ কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে। কিছু ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত করার পাশাপাশি সময়সূচীতেও পরিবর্তন হয়েছে কয়েকটির।

বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় পরিস্থিতির কারণে সাগর থেকে জলীয় বাষ্পপূর্ণ বাতাস বায়ুমন্ডলে প্রবেশ করায় রাজ্যের বিভিন্ন জেলায় আজও বৃষ্টির পূর্বাভাস রয়েছে। বৃষ্টি হতে পারে দক্ষিণ ২৪ পরগণা, দুই মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায়। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন, রাজ্যে এখনই তাপমাত্রায় তেমন হেরফের হবে না।

বাইট

এদিকে, আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৯ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে এক দশমিক ৬ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের আশেপাশে থাকার সম্ভাবনা।

যুবভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবলে গতকাল মোহনবাগান সুপার জায়ান্ট ১-০ গোলে চেন্নাইয়িন এফ সি, কে হারিয়ে দিয়েছে। গোল করেছেন জেসন কামিংস। মোহনবাগান ৯ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে উঠে এসেছে।

নদীয়া,মহিলাদের সিনিয়র আন্ত জেলা টি টোয়েন্টি ক্রিকেটে চ্যাম্পিয়ন হয়েছে। ইডেনে গতকাল ফাইনালে নদীয়া ২৯ রানে উত্তর ২৪ পরগনাকে হারিয়ে দেয়। বৃষ্টি ও খারাপ আবহাওয়ার জন্য ওভার সংখ্যা কমিয়ে ১৭ করা হয়। নদীয়া প্রথমে ব্যাট করে। পাঁচ উইকেটে ১২৭ রান সংগ্রহ করে। উত্তর ২৪ পরগনা ছয় উইকেটে ৯৮ রান তুলতে সমর্থ হয়।
